তারিখ 19 DEC 2002
পৃষ্ঠা ১ কলাম ৪

সংবাদ

কক্সবাজারে তারেক রহমান

# অস্ত্র নিয়ে রাজনীতি করলে ছাত্রদলে থাকা যাবে না

কক্সবাজার থেকে জেলা বার্তা পরিবেশক ঃ বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমান বলেছেন বিরোধী দল অতীতে ক্ষমতায় থাকাকালীন সময়ে দেশের জনগনকে নিয়ে তামাশা করেছে। মৌলিক চাহিদা, দেশের উন্নয়ন নিয়ে কোন চিন্তাই করেনি। এখন মেতে উঠেছে ষড়যন্ত্রে, দেশকে অস্তিতিশীল করে তোলার কাজে। বিরোধী দল চায়না দেশের মানুষ ভালভাবে বাঁচুক। এব্যাপারে দেশের আগামী দিনের ভবিষ্যত ছাত্রদল নেতা-কর্মীদেরকে সজাগ থাকতে হবে। অস্ত্র নিয়ে রাজনীতি করলে ছাত্রদলে থাকা যাবে না। অন্য দলে চলে যেতে হবে।

তিনি গতকাল ১৮ই ডিসেম্বর দুপুরে কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলন উপলক্ষে সগার সৈকত্তের মনোরম

অস্ত্র ঃ পৃঃ ১১ কঃ ৬

## অস্ত্র ঃ রাজনীতি

( ১ম পৃষ্ঠার পর )

পরিবেশে অনুষ্ঠিত ছাত্রজনতার এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। তিনি, ছাত্রদল নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন তাদেরকে বইপুস্তক নিয়ে, রাষ্ট্র, পররাষ্ট্র, জনগনের মৌলিক চাহিদা সম্পর্কে জানতে হবে। শহীদ রাষ্ট্রপতি জিয়ার দিয়ে যাওয়া ১৯ দফা আদর্শ নিয়ে রাজনীতি করতে হবে। আদর্শ ছাড়া কোন রাজনীতি হয় না। বিএনপি'র আদর্শ আছে বলেই, আদর্শগত রাজনীতি করে বলেই বেশীরভাগ সময় জনগন বিএনপিকেই এদেশের রাষ্ট্র ক্ষমতায় বসিয়েছে। তিনি বিরোধী দলকে উদ্দেশ্য করে বলেন, তাদের উচিত সরকারকে সহাযোগিতা করা। আমরাও বিরোধী দলে গেলে সরকারী দলকে সহযোগিতা করবো।

নবনির্মিত আধুনিক হোটেল সী গাল চত্বর প্যান্ডেলে অনুষ্ঠিত সম্মেলনের প্রথম ও উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সভাপতি মোক্তার আহমদ। উদ্বোধন করেন ছাত্রদল কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক শাহাবুদ্দিন লাল্টু। সাংগঠনিক রিপোর্ট পেশ করেন জেলার সাধারণ সম্পাদক পৌর কমিশনার আশরাফুল হুদা সিদ্দিকী জামশেদ। এছাড়া বক্তব্য রাখেন বিএনপি'র ছাত্র বিষয়ক সম্পাদক স্বাস্থ্য প্রতিমন্ত্রী আমান উল্যাহ আমান, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, কক্সবাজার জেলার দায়িত্বপ্রাপ্ত যোগাযোগ প্রতিমন্ত্রী সালাউদ্দিন আহমদ, শাহজাহান চৌধুরী এমপি, আলমগীর মোহাম্মদ, মাহফুজউল্লাহ ফরিদ এমপি, ইঞ্জিনিয়ার সহিদুজ্জামান এমপি, এম ইলিয়াছ আলী এমপি, শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি এমপি, ফজলুল হক মিলন এমপি, নাজিম উদ্দিন আলম এমপি, হাবিবুল নবী খান সোহেল, রুহুল কবির রিজভী, মনির হোসেন মনির, আজিজুল বারী হেলাল, এ বিএম মোশরফ হোসেন, রেহেনা আক্তার বানু, কক্সবাজার জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক নুরুল বশর চৌধুরী, যুবদল সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী লুৎফর রহমান কাজল ও জেলার উপজেলাসমূহের ছাত্রদল নেতৃবৃন্দ।

সম্মেলন জেলা পর্যায়ের হলেও এতে যোগ দিয়েছে দেশের প্রায় ৮৯টি সাংগঠনিক জেলা ছাত্রদলের নেতৃবৃন্দ এবং পুরো কেন্দ্রীয় কমিটি। ফলে এটি একটি ছাত্রদলের মিলনমেলায় পরিণত হয়। জানা গেছে এ মিলন মেলাটি অনুষ্ঠিত হয়েছে মূলত তারেক রহমানের নিজস্ব উদ্যোগে।

বিকেলে হিল ডাউন সার্কিট হাউজে অনুষ্ঠিত হয় দ্বিতীয় অধিবেশন কাউন্সিল। এছাড়া সন্ধ্যায় সাগর সৈকত প্যান্ডেলে এল আর বি'র পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। সম্মেলনের আয়োজনে কিছুটা বিশৃঙ্খলা পরিলক্ষিত হয় এবং